# আমাদের গণমাধ্যম

এপ্রিল,২০২৩

এনিগমা মাল্টিমিডিয়ার নিজস্ব প্রচারের জন্য


## এনিগমা মাল্টিমিডিয়ার প্রথম বর্ষপূর্তি উদযাপন

পথচলার প্রথম বর্ষপূর্তি উদযাপন করেছে এনিগমা মাল্টিমিডিয়া লিমিটেড (ইএমএল)। গত ৩ এপ্রিল কেক কেটে আড়ম্বরপূর্ণভাবে দিনটি উদযাপন করা হয়। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এদিন সকাল থেকেই উৎসবমুখর পরিবেশ বিরাজ করে অফিসজুড়ে। এনিগমা মাল্টিমিডিয়া লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) শেখ জাহিন আহমেদের উপস্থিতিতে প্রিয় প্রতিষ্ঠানের প্রথম বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানে প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)সহ অংশ নেন সব কর্মী। আমন্ত্রণ জানানো হয় সাবেক কর্মীদেরও। তাদের অনেকেই যোগ দিয়ে স্মৃতিতর্পণ ও এনিগমার সাফল্য কামনা করেন। ফলে এক মিলনমেলায় পরিণত হয় এনিগমার প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের দিনটি।

ইফতার শেষে অফিসের মিটিং রুমে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়। কেক কাটেন এনিগমার ব্যবস্থাপনা পরিচালক শেখ জাহিন আহমেদ। এ সময় প্রতিষ্ঠানের সব কর্মীকে শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন,“ইতোমধ্যে আমরা প্রচুর কাজ করেছি গত একটি বছরে। সামনের দিনে একসঙ্গে আরও অনেক কাজ করব। সামনে আমাদের জন্য আরও সুখবর আসছে।” তিনি দলীয় কাজের গুরত্ব তুলে ধরেন এবং সবাইকে একসঙ্গে কাজ করে একটি বৃহৎ প্রতিষ্ঠান গড়ে আকাঙ্ক্ষা ব্যক্ত করেন।



উল্লেখ্য, ২০২২ সালের ২ এপ্রিল এনিগমা মাল্টিমিডিয়া লিমিটেডের যাত্রা শুরু হয়। প্রতিষ্ঠার পর থেকেই এনিগমা বিভিন্ন শ্রোতা ও দর্শকের চাহিদা অনুযায়ী মার্কেটিং ও ডিজিটাল মিডিয়া কন্টেন্ট তৈরি করে আসছে।ইএমএলের উদ্দেশ্য অতিপ্রচলিত কন্টেন্টের পরিবর্তে টেকসই ও উন্নয়ন লক্ষ্য অর্জনে দর্শক-শ্রোতাদের কাছে দেশাত্মবোধক কন্টেন্ট তুলে ধরা। এর লক্ষ্য হচ্ছে একটি শক্তিশালী ও টেকসই ব্র্যান্ড তৈরি করা। প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য কার্যক্রমগুলোর মধ্যে রয়েছে গবেষণা, পরামর্শ, বিষয়বস্তু (কন্টেন্ট) উন্নয়ন, ডিজিটাল কমিউনিটি মার্কেটিং, কমিউনিকেশন্স, টিভি সফটওয়্যার নির্মাণ, ইভেন্ট ম্যানেজমেন্ট, সোশ্যাল মিডিয়া ম্যানেজমেন্ট (এসএমএম), এডভোকেসি ইত্যাদি।

## খোশ আমদেদ মাহে রমজান ও বরকতময় সেহেরি

পবিত্র রমজান সিয়াম সাধনার মাস। প্রতিটি ধর্মপ্রাণ মুসলমান রমজানে বিভিন্ন ধর্মীয় কার্যকলাপের মধ্য দিয়ে অতিবাহিত করে থাকেন। রমজানে ইফতার ও সেহেরি অন্যতম দুটি গুরুত্বপূর্ণ ইবাদত। এ মাসের তাৎপর্য তুলে ধরতে এনিগমা মাল্টিমিডিয়া লিমিটেড আয়োজন করেছে মাসব্যাপী ‘খোশ আমদেদ মাহে রমজান’ ও ‘বরকতময় সেহেরি’ নামে ভিন্ন দুটি অনুষ্ঠান। এসব অনুষ্ঠানে প্রতিাদন পবিত্র কোরান তিলওয়াত, ইফতার ও সেহেরির সময়, আজান সম্প্রচার, দোয়া, হামদ ও নাত পরিবেশন করা হয়।

## খোশ আমদেদ মাহে রমজান

ইফতার অনুষ্ঠানটি ‘খোশ আমদেদ মাহে রমজান’ নামে প্রচার করা হয়। এ অনুষ্ঠানে প্রতিদিন ইফতারির পূর্বমুহূর্তে ধারাবাহিকভাব একজন হাফেজ প্রবিত্র কোরান থেকে এক পারা তিলওয়াত করেন। এরপর ইফতারির সময় ঘোষণা এবং আজান পরিবেশন করা হয়। সবশেষে হামদ ও নাত পরিবেশন করা হয়।




## বরকতময় সেহেরি

সেহেরির অনুষ্ঠানটি ‘বরকতময় সেহেরি’ নামে প্রচার করা হচ্ছে। সেহেরিতে ধারাবাহিক-ভাবে পবিত্র কোরান তিলওয়াত, আজান ও হামদ নাত পরিবেশন করা হয়। রমজানের প্রথম দিন থেকে ‘খোশ আমদেদ মাহে রমজান’ ও ‘বরকতময় সেহেরি’ অনুষ্ঠান দুটি সম্প্রচার করে এনিগমা টিভি। এ সব অনুষ্ঠান এনিগমা টিভির ফেসবুক পেজ, ইউটিউব চ্যানেলেও সরাসরি সম্প্রচার করা হয়।




## এনিগমা এখন ই-ক্যাবের সদস্য

এনিগমা মাল্টিমিডিয়া লিমিটিডে (ইএমএল) সম্প্রতি ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশে (ই-ক্যাব)-এর সদস্য পদ লাভ করেছে। গত ৪ এপ্রিল ই-ক্যাব এনিগমার হাতে তাদের সদস্যপদের সার্টিফেকেট তুলে দেয়। আগামী এক বছরের জন্য এই সদস্যপদ লাভ করেছে এনিগমা। এর মধ্য দিয়ে এনিগমা এখন ই-ক্যাবের তালিকাভুক্ত নিবন্ধিত একটি প্রতিষ্ঠান। ইতোমধ্যে ই-ক্যাবের ওয়েবসাইটে এনিগমার লোগোও আপলোড করা হয়েছে। এর ফলে ইএমএল এখন থেকে ই-কমার্সের বিভিন্ন পর্যায়ে কার্যক্রম পরিচালনা করতে পারবে। ই-কর্মাসের ডিজিটাল কমিউনিটি মার্কেটিং, টিভি সফটওয়্যার নির্মাণ, সোশ্যাল মিডিয়া ম্যানেজমেন্ট (এসএমএম), এডভোকেসি, শিক্ষাক্ষেত্র, ই-সার্ভিস, মিডিয়া ও পাবলিকেশন, ই-টুরিজম, ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি কার্যক্রম নির্বিঘ্নে করতে পারবে।

ENIGMA MULTIMEDIA LTD

e-CAB e-Commerce Association of Bangladesh

এদিকে ই-ক্যাবের সদস্যপদ পাওয়ার পর এনিগমার কার্যক্রম আরও সম্প্রসারিত হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্তাব্যক্তিরা। সদস্যপদ পাওয়ার মধ্য দিয়ে এনগিমা মাল্টিমিডিয়া একটি পূর্ণাঙ্গ প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করবে বলেও আশা ব্যক্ত করেন তারা। উল্লেখ্য, ই-ক্যাব বাংলাদেশের অন্যতম ই-কমার্স নেটওয়ার্কিং সোসাইটি।

# আমাদের গণমাধ্যম

এপ্রিল,২০২৩

এনিগমা মাল্টিমিডিয়ার নিজস্ব প্রচারের জন্য


## প্রেজেন্টেশন কর্মশালার সার্টিফিকেট বিতরণ

এনিগমা মাল্টিমিডিয়া আয়োজিত 'পাওয়ার পয়েন্ট' কর্মশলার সার্টিফিকেট প্রদান করা হয়েছে। প্রতি সপ্তাহে একদিন করে অনুষ্ঠিত চারদিনের এ কর্মশালা শেষে অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান করা হয়। গত ৩ এপ্রিল এনিগমা অফিসে ব্যবস্থাপনা পরিচালক শেখ জাহিন আহমেদ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ফাহমিদুল ইসলাম শান্তনু কর্মীদের হাতে সার্টিফিকেট তুলে দেন।

উল্লেখ্য, প্রতিষ্ঠানের কর্মীদের উপস্থাপন দক্ষতা উন্নয়নে এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালাটি ৪, ১১, ১৮ ফেব্রুয়ারি ও ২৫ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। এনিগমার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় এনিগমার বিভিন্ন স্তরের ১৬ জন কর্মী অংশ নেন। প্রতিদিন সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত এ কর্মশালা পরিচালনা করেন ব্র্যাকের গ্রান্টস অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট বিভাগের সিনিয়র স্পেশালিস্ট ফারিশতে ইফ্রিত মুয়াক্কা।




## এপ্রিলের ঐতিহাসিক দিবস উদযাপন

বছরজুড়ে রয়েছে জাতীয় ও আন্তর্জাতিক কিছু গুরুত্বপূর্ণ দিবস। এসব দিবস আমাদের জীবনে নানাভাবে প্রভাব বিস্তার করে থাকে। এনিগমা মাল্টিমিডিয়া নিয়মিতভাবে এসব দিবসের তাৎপর্য তুলে ধরার চেষ্টা করছে। সে লক্ষ্যে এপ্রিল মাসে উল্লেখযোগ্য ১০টি জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন ও উদযাপন করা হয়। এগুলোর মধ্যে ছিল ২ এপ্রিল বিশ্ব অটিজম সচেতনতা দিবস, ৩ এপ্রিল জাতীয় চলচিত্র দিবস, ৬ এপ্রিল আন্তর্জাতিক ক্রীড়া দিবস, ৭ এপ্রিল বিশ্ব স্বাস্থ্য দিবস, ১৪ এপ্রিল বাংলা নববর্ষ, ১৭ এপ্রিল মুজিবনগর দিবস, ২১ এপ্রিল বিশ্ব সৃজনশীলতা ও উদ্ভাবন দিবস, ২৩ এপ্রিল বিশ্ব বই ও কপিরাইট দিবস, ২৭ এপ্রিল বিশ্ব নকশা দিবস এবং ২৯ এপ্রিল আন্তর্জাতিক নৃত্য দিবস। ঐতিহাসিক এসব দিবসে এনিগমার নিজস্ব ফেসবুক পেজ, ইউটিউব চ্যানেল ও ওয়েবসাইটে পোস্ট ও স্ট্যাটাস দিয়ে দিবসের তাৎপর্য তুলে ধরে এনিগমা মাল্টিমিডিয়া।




## নিরাপদ ভ্রমণ নিশ্চিত করতে 'শুভযাত্রা'

নিরাপদ ভ্রমণ নিশ্চিত করতে এনিগমা মাল্টিমিডিয়া আয়োজন করেছে ভ্রমণ বিষয়ক তথ্যভিত্তিক অনুষ্ঠান 'শুভযাত্রা'। বাস, ট্রেন, লঞ্চ, বিমান তথা সড়ক, নৌ ও বিমানপথে কখন, কীভাবে যাতায়াত করা যায়; এমনিক এসব পথে যাতায়াতে খরচ কত এবং দূরুত্ব অনুযায়ী কোন পথের ভাড়া কত– এসব নিয়েই বিশেষ অনুষ্ঠান শুভযাত্রা।




মূলত ঢাকা মহানগরে বসবাসকারী এবং ঢাকায় আগমনকারী মানুষদের যাতায়াত সুবিধা নিশ্চিত করতে যানবাহন বিষয়ক তথ্য জানাবে শুভযাত্রা। নির্দিষ্ট পথের যানবাহনের সব তথ্য সংশ্লিষ্ট সবার কাছে তুলে ধরতে এ আয়োজন করেছে এনিগমা টিভি। অনুষ্ঠানটির সম্প্রচার শুরু হয় চলতি বছরের ২০ এপ্রিল। এনিগমার নিজস্ব ফেসবুক পেজ, ইউটিউব চ্যানেল ও ওয়েবসাইটে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হয়। বিশেষ করে ঈদুল ফিতরকে সামনে রেখে জনভোগান্তি দূর করতে এ আয়োজন করা হয়।

## ঢাকাইয়া ইফতার




রোজার অন্যতম একটি অংশ ইফতার। ভোজনবিলাসী বাঙালির ইফতার নিয়ে আছে নানা ঐতিহ্য। বিশেষ করে রাজধানীর পুরান ঢাকার ইফতারসামগ্রীর সুখ্যাতি ছড়িয়ে আছে দেশ-বিদেশে। রমজান এলেই মুখরোচক এসব ইফতারসামগ্রীর স্বাদের গুণকীর্তন মানুষের মুখে মুখে শোনা যায়। পরিবার-পরিজন ও বন্ধু-বান্ধব নিয়ে ইফতারির স্বাদ নিতে প্রতিদিন রাজধানীর বিভিন্ন স্থানে ভিড় জমায় ভোজনরসিক নগরবাসী।

মূলত পুরান ঢাকার চকবাজার, বেইলি রোড, ধানমন্ডি, মিরপুর, খিলগাঁও তালতলা, মোহাম্মদপুর, ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ঐতিহ্যবাহী ইফতারসামগ্রীর জমজমাট পসরা বসে। স্থানভেদে ইফতারির আইটেমেও রয়েছে ভিন্নতা। এ সবের মধ্যে রয়েছে শাহী জিলাপি, বোম্বাই জিলাপি, রেশমি জিলাপি, বড় বাপের পোলায় খায়, কোয়েল পাখি, বিভিন্ন প্রকার চপ ইত্যাদি। কোন এলাকার কোন খাবারটি বেশি জনপ্রিয়, কীভাবে জনপ্রিয় হলো– এসব ইফতারসামগ্রীর সেসব অজানা তথ্য নিয়ে এনিগমা টিভি সাজিয়েছে ঢাকাইয়া ইফতার। ধারাবাহিক কয়েকটি প্রতিবেদন সম্প্রচার করা হবে ঐতিহ্যবাহী ইফতারসামগ্রী নিয়ে। এনিগমা টিভির ফেজবুক পেজ, ইউটিউব চ্যানেল এবং ওয়েবসাইটে দেখা যাবে এসব প্রতিবেদন।